

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



তাগিদপত্র

তারিখ: ০৭/০৫/১৪২৬বঙ্গাব্দ
২২/০৮/২০১৯খ্রিস্টাব্দ

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০৪৪.২০১৯/৩৩৯৮/৩

বিষয়: গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলার কাপাসিয়া ডিগ্রি কলেজের জ্যেষ্ঠতম শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান।

সূত্র: অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর পত্র নং-৯৭৬ কেসি/১৯; তারিখ: ২৮/০৫/২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের ৬ জুন ২০১১ এবং ৯ জুলাই ২০১২ পরিপত্র লঙ্ঘনের মাধ্যমে গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলার কাপাসিয়া ডিগ্রি কলেজের জ্যেষ্ঠতমকে বঞ্চিত করে জ্যেষ্ঠতমের তৃতীয় শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব দেয়ায় জনাব মোঃ আব্দুছ ছালাম, সহকারী অধ্যাপক ও বিভাগীয় প্রধান, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি অভিযোগ করেন। সে প্রেক্ষিতে আবেদনের সাথে হালনাগাদ শিক্ষক-কর্মচারীর স্বাক্ষরযুক্ত তালিকা না থাকায় তা প্রেরণ করার জন্য অধ্যক্ষকে ২৯/০৫/২০১৯খ্রি. তারিখ (স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১. ০৪৪.২০১৯/২১২৭/২; তারিখ: ২৯/০৫/২০১৯খ্রি.) পত্র দেয়া হয়। কিন্তু অদ্যাবধি অধ্যক্ষ তা প্রেরণ করেননি।

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:১১/৩-৯/২০১১/২৫৬,০৬/০৬/২০১১খ্রি. তারিখের পরিপত্রের ৩নং অনুচ্ছেদ ও শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:১১/৩-৯/২০১১/৪৮৪,০৯/০৭/২০১২খ্রি. তারিখের ৩.১ নং অনুচ্ছেদ মোতাবেক বেসরকারি কলেজে অধ্যক্ষের শূণ্য পদে জ্যেষ্ঠতম শিক্ষক অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ১৩/০৫/২০১৯খ্রি. তারিখে জারিকৃত ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০১০.২০১৮.১৮৩১ নং পত্রে অধ্যক্ষের ৬০ বছর উত্তীর্ণ হওয়ার পর দায়িত্বপালনরত শিক্ষক-কর্মচারীকে পরবর্তী জ্যেষ্ঠ শিক্ষকের কাছে দায়িত্ব হস্তান্তরের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয় এবং মাউশির পত্রের নির্দেশনা মোতাবেক আগামী ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে জ্যেষ্ঠতম শিক্ষকের নিকট দায়িত্ব হস্তান্তর করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২২.০৮.১৯

(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন: ৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd

সভাপতি

পরিচালনা পরিষদ

কাপাসিয়া ডিগ্রি কলেজ

কাপাসিয়া, গাজীপুর

ও

জেলা প্রশাসক, গাজীপুর

অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), কাপাসিয়া ডিগ্রি কলেজ, কাপাসিয়া, গাজীপুর
- ২। ম্যানেজার, অগ্রণী ব্যাংক লি. কাপাসিয়া শাখা, গাজীপুর (জ্যেষ্ঠতম শিক্ষক ব্যতীত অন্য কারো স্বাক্ষরকৃত আর্থিক বিল অনুমোদন না করার অনুরোধসহ)।
- ৩। সংরক্ষণ নথি।